দৈনিক সংবাদ

তারিখ 04 OCT 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

ঢাকা বিশ্ববিদ্যালয়

# কম্পিউটার বিজ্ঞান বিভাগ উদ্বোধন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার বিজ্ঞান বিভাগ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

টিএসসি সেমিনার কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শামসুল হক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ।